রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, মে ৫, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২০ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৩ মে ২০২৬ খ্রিষ্টাব্দ

নম্বর ০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০২.২৬.১০০—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **'রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় কার্যাবলি চিহ্নিতকরণ ও সম্পাদনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য ওয়ার্কিং গ্রুপ'** নিম্নরূপে গঠন করেছে :

১.১। **কমিটির গঠন :**

| | | |
|---|---|---|
| (১) | সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সভাপতি |
| (২) | প্রধানমন্ত্রীর কার্যালয়ের সংশ্লিষ্ট মহাপরিচালক | সদস্য |
| (৩) | চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| (৪) | চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ | সদস্য |
| (৫) | জনপ্রশাসন মন্ত্রণালয়ের একজন যুগ্মসচিব | সদস্য |
| (৬) | অর্থ বিভাগের সংশ্লিষ্ট যুগ্মসচিব | সদস্য |
| (৭) | অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সংশ্লিষ্ট যুগ্মসচিব | সদস্য |
| (৮) | বিদ্যুৎ বিভাগের একজন যুগ্মসচিব | সদস্য |
| (৯) | নৌপরিবহন মন্ত্রণালয়ের একজন যুগ্মসচিব | সদস্য |


**মূল্য ঃ** টাকা ৪·০০

| | | |
|---|---|---|
| (১০) | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের যুগ্মসচিব | সদস্য |
| (১১) | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের একজন যুগ্মসচিব | সদস্য |
| (১২) | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের একজন যুগ্মসচিব | সদস্য |
| (১৩) | রেলপথ মন্ত্রণালয়ের একজন যুগ্মসচিব | সদস্য |
| (১৪) | পানি সম্পদ মন্ত্রণালয়ের একজন যুগ্মসচিব | সদস্য |
| (১৫) | পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন মহাপরিচালক | সদস্য |
| (১৬) | পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টরের একজন যুগ্মপ্রধান | সদস্য |
| (১৭) | প্রধান সমন্বয়ক, পারমাণবিক নিরাপত্তা ও ভৌত সুরক্ষা ব্যবস্থা সেল | সদস্য |
| (১৮) | মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | সদস্য |
| (১৯) | চেয়ারম্যান, নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় | সদস্য |
| (২০) | পরিচালক, ইনস্টিটিউট অব নিউক্লিয়ার পাওয়ার ইঞ্জিনিয়ারিং, বুয়েট | সদস্য |
| (২১) | বিভাগীয় প্রধান, নিউক্লিয়ার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, মিলিটারি ইনস্টিটিউট অফ সায়েন্স এন্ড টেকনোলজি (MIST) | সদস্য |
| (২২) | ব্যবস্থাপনা পরিচালক, নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানি বাংলাদেশ লিমিটেড | সদস্য |
| (২৩) | প্রকল্প পরিচালক, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প | সদস্য |
| (২৪) | চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন | সদস্য-সচিব। |

এ কমিটিতে ‘সচিব’ বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

১.২। **কমিটির কার্যপরিধি :**

(১) আন্তর্জাতিক মানদন্ডের নিরিখে প্রকল্পটি বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্পের বিভিন্ন পর্যায় ও ধাপের কার্যাবলিসমূহ চিহ্নিতকরণ ও বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ;

(২) প্রকল্প এলাকায় নির্মিতব্য পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের ধরন, প্রকৃতি ও উৎপাদন ক্ষমতা প্রভৃতি বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণসহ সম্ভাব্য সরবরাহকারীর তালিকা প্রণয়ন এবং প্রযুক্তি সরবরাহ পদ্ধতি সম্পর্কে বাস্তব ধারণা লাভের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ;

(৩) প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় অর্থের যোগান (দেশীয় ও বৈদেশিক মুদ্রা)-এর নিমিত্ত অর্থায়নের উৎসসমূহ চিহ্নিতকরণ এবং অর্থায়নের শর্তাবলি নির্ধারণের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

(৪) প্রযুক্তি সরবরাহকারী সম্ভাব্য প্রতিষ্ঠান/ দেশসমূহের সাথে যোগাযোগ স্থাপনের মাধ্যমে প্রকল্প বাস্তবায়নে সরবরাহকারীর সহযোগিতার ক্ষেত্রসমূহ চিহ্নিতকরণের লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ;

(৫) প্রকল্প বাস্তবায়নকালে সর্বোত্তম উপায়ে উপযুক্ত দেশজ শিল্প প্রতিষ্ঠানসমূহের অংশগ্রহণের বিষয়টি নিশ্চিতকরণকল্পে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

(৬) যথাসময়ে প্রকল্পটি বাস্তবায়নের জন্য ইকুইপমেন্ট ট্রান্সপোর্টেশন প্ল্যানিং এবং নিরাপদে ও সাশ্রয়ী উপায়ে পারমাণবিক বিদ্যুৎ জাতীয় গ্রীডে সংযোজন ও উৎপাদিত বিদ্যুৎ সঞ্চালনের জন্য গ্রীড সিস্টেম-এর প্রয়োজনীয় ডেভলপমেন্ট-এর লক্ষ্যে কার্যক্রম গ্রহণ;

(৭) প্রকল্প বাস্তবায়নে আন্তর্জাতিক মানদণ্ডের সাথে সঙ্গতি রেখে প্রয়োজনীয় অন্যান্য ভৌত, কারিগরি, আইনানুগ অবকাঠামো এবং সাইট সংশ্লিষ্ট সুবিধাদি উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশমালা প্রণয়ন;

(৮) প্রকল্পের বিভিন্ন পর্যায়ে অপরিহার্য মানব সম্পদ উন্নয়নের ক্ষেত্রসমূহ চিহ্নিতকরণ এবং এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; এবং

(৯) প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে নির্মিতব্য কেন্দ্রের আকার-আকৃতি, বাস্তবায়ন পদ্ধতি, অর্থায়নের উৎস, প্রয়োজনীয় ভৌত, কারিগরি ও পারমাণবিক নিরাপত্তা সংক্রান্ত রেগুলেটরি অবকাঠামো, মানব সম্পদ উন্নয়ন প্রভৃতি বিষয় সন্নিবেশ করে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রণয়ন এবং প্রতিবেদনটি প্রকল্পের কারিগরি কমিটির নিকট উপস্থাপন করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

১.৩। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

১.৪। কমিটির সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

১.৫। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

১.৬। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ২০ আগস্ট ২০১৪ তারিখের ০৪.০০.০০০০.৬১১.০০৬.০১৯.১৪-১৩৩ স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(বেবী পারভীন)
যুগ্মসচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ০২-২২৬৬৪১০০৯
e-mail: js_economic@cabinet.gov.bd

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd